



নির্বাচনী প্রচারে কুমিল্লায় আসছেন তারেক রহমান



সংগৃহীত ছবি

কুমিল্লায় বিএনপির নির্বাচনী প্রচারে বড় জমায়েত হতে যাচ্ছে আগামী ২৪ জানুয়ারি। ওইদিন শহরের টাউন হল মাঠে দলটির চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে জনসভা অনুষ্ঠিত হবে।

এই কর্মসূচিকে সামনে রেখে বুধবার বিকেলে মাঠ পরিদর্শনে যান বিএনপির কেন্দ্রীয় নিরাপত্তা টিম (সিএসএফ)সহ স্থানীয় নেতারা। জনসভা ঘিরে মঞ্চ, নিরাপত্তা, প্রবেশ ও বের হওয়ার পথ, জনসমাগম নিয়ন্ত্রণসহ সার্বিক প্রস্তুতির খুঁটিনাটি বিষয় সরেজমিনে খতিয়ে দেখা হয়।

কুমিল্লা দক্ষিণ জেলা বিএনপির সাধারণ সম্পাদক আশিকুর রহমান মাহমুদ ভিপি ওয়াসিম জানান, তারেক রহমানের আগমনকে ঘিরে পুরো জেলায় ব্যাপক উদ্দীপনা তৈরি হয়েছে। তিনি বলেন, এই সফর কুমিল্লার রাজনীতিতে নতুন গতি আনবে এবং নেতাকর্মীদের মনোবল আরও শক্ত করবে।

কুমিল্লা মহানগর বিএনপির সভাপতি উদবাতুল বারী আবু বলেন, জনসভাকে ঘিরে সংগঠনের সব স্তরের নেতাকর্মীরা মাঠে নেমেছেন। তারেক রহমানকে একনজর দেখতে এবং তার বক্তব্য শুনতে সবাই অধীর অপেক্ষায় রয়েছেন।

নেতারা জানান, কর্মসূচি সফল করতে দলীয়ভাবে সমন্বিত প্রস্তুতি চলছে এবং সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের আশা করা হচ্ছে। মাঠ পরিদর্শনের সময় বিএনপি ও এর সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।